



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট
খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০
www.dgfood.gov.bd



স্মারক নম্বর: ১৩.০১.০০০০.১০০.৩১.০০৩.১৭.৩৭৬

তারিখ: ১৭ শ্রাবণ ১৪৩০

০১ আগস্ট ২০২৩

বিষয়: ই-ফাইলিং বাস্তবায়নে খাদ্য মন্ত্রণালয়ের মাসিক সমন্বয় সভায় গৃহীত সিদ্ধান্ত অবহিতকরণ

সূত্র: ১১/০৫/২০২৩ তারিখে অনুষ্ঠিত খাদ্য মন্ত্রণালয়ের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে মহোদয়ের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মে-২০২৩ মাসে অনুষ্ঠিত খাদ্য মন্ত্রণালয়ের মাসিক সমন্বয় সভায় ই-ফাইলিং বিষয়ে আলোচনায় অনুমোদনকৃত নোট এবং জারিকৃত পত্রগুলো প্রিন্ট করে ফাইলে রেখে সংরক্ষণের জন্য সভাপতি সচিব, খাদ্য মন্ত্রণালয় মহোদয় সকলকে নির্দেশনা প্রদান করেন। কার্যবিবরণীর ই-ফাইলিং বিষয়ে সিদ্ধান্ত ছিলো নিম্নরূপ:

(ক) ই-নথিতে পত্র জারির সংখ্যা বৃদ্ধি করতে হবে এবং আর্থিক লেনদেন, প্রজ্ঞাপন, নীতিমালা ও আইন/বিধিমালা বিষয়ক কার্যক্রমের ক্ষেত্রে ই-নথির পাশাপাশি হার্ড নথিতেও কার্যক্রম পরিচালনা করতে হবে।

(খ) ই-নথিতে সংযুক্ত পত্র অনুমোদনের পূর্বে পত্রটি সঠিক হয়েছে কিনা তা সংশ্লিষ্ট কর্মকর্তা কর্তৃক ভালোভাবে পর্যবেক্ষণ করে জারি করতে হবে।

(গ) অনুমোদনকৃত নোট এবং জারিকৃত পত্রগুলো প্রিন্ট করে ফাইলে রেখে সংরক্ষণ করতে হবে।

এক্ষেপে, ই-নথিতে পত্র জারির সংখ্যা বৃদ্ধি করা, আর্থিক লেনদেন, প্রজ্ঞাপন, নীতিমালা ও আইন/বিধিমালা বিষয়ক কার্যক্রমের ক্ষেত্রে ই-নথির পাশাপাশি হার্ড নথিতেও কার্যক্রম পরিচালনা করা, ই-নথিতে সংযুক্ত পত্র অনুমোদনের পূর্বে পত্রটি ভালোভাবে পর্যবেক্ষণ করা, অনুমোদনকৃত নোট এবং জারিকৃত পত্রগুলো প্রিন্ট করে ফাইলে রেখে সংরক্ষণ করার বিষয়ে সংশ্লিষ্ট সকলকে অবহতি করাসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি: মে-২০২৩ মাসে অনুষ্ঠিত খাদ্য মন্ত্রণালয়ের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী

১-৮-২০২৩

মঞ্জুর আলম

সিস্টেম এনালিস্ট

ফোন: +৮৮-০২-৪৭১১০৬৯৮

ফ্যাক্স: +৮৮-০২-৯৫৫৬০৬৭

ইমেইল: sys@dgfood.gov.bd

বিতরণ :

- ১) পরিচালক, প্রশাসন/ সববি/ চসসা/ হিসাব ও অর্থ/ সংগ্রহ/ পউকা/ প্রশিক্ষণ বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ২) আইন উপদেষ্টা, আইন উপদেষ্টার কার্যালয়, খাদ্য অধিদপ্তর
- ৩) অতিরিক্ত পরিচালক, এমআইএসএন্ডএম/অভ্যন্তরীণ

নিরীক্ষা বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা

৪) প্রধান মিলার, পোস্তগোলা সরকারি আধুনিক ময়দা
মিল, ঢাকা

৫) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক,
খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ/রাজশাহী/চট্টগ্রাম/ঢাকা

৬) প্রধান নিয়ন্ত্রক, ঢাকা রেশনিং, ঢাকা।

৭) সাইলো অধীক্ষক, চট্টগ্রাম সাইলো/নারায়ণগঞ্জ
সাইলো/আশুগঞ্জ সাইলো, ব্রাহ্মণবাড়িয়া/সান্তাহার সাইলো,
বগুড়া/খুলনা স্টীল সাইলো/মোংলা সাইলো, বাগেরহাট

৮) চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক (সকল)

৯) জেলা খাদ্য নিয়ন্ত্রক (সকল)

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.১০০.৩১.০০৩.১৭.৩৭৬/১(৩)

তারিখ: ১৭ শ্রাবণ ১৪৩০
০১ আগস্ট ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) অতিরিক্ত মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর

২) উপসচিব, সমন্বয় ও সংসদ অধিশাখা, খাদ্য মন্ত্রণালয়

৩) মহাপরিচালকের একান্ত সচিব, মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর [মহাপরিচালক (গ্রেড-১) মহোদয়ের
সদয় অবগতির জন্য]



১-৮-২০২৩

মঞ্জুর আলম

সিস্টেম এনালিস্ট